

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৮

২/ রাসূলুল্লাহ ﷺ হতে নামাযের সময়সূচী (كتاب الصلاة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১৬৬. নামাযের মধ্যে সাদল করা (কাঁধের উপর কাপড় লটকে রাখা) মাকরুহ

بَابٌ مَا جَاءَ فِي كَرَاهِيَّةِ السَّدْلِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا قَبِيْصَةُ، عَنْ حَمَّادِ بْنِ سَلَّمَةَ، عَنْ عِسْلِ بْنِ سُفْيَانَ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَّاحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ السَّدْلِ فِي الصَّلَاةِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي جُحَيْفَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ لَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ عَطَاءٍ عَنْ أَبِي هُرَيْرَةَ مَرْفُوعًا إِلَّا مِنْ حَدِيثِ عِسْلِ بْنِ سُفْيَانَ . وَقَدْ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي السَّدْلِ فِي الصَّلَاةِ فَكَرِهَ بَعْضُهُمُ السَّدْلَ فِي الصَّلَاةِ وَقَالُوا هَذَا تَصْنُعُ الْيَهُودُ . وَقَالَ بَعْضُهُمُ إِنَّمَا كُرِهَ السَّدْلُ فِي الصَّلَاةِ إِذَا لَمْ يَكُنْ عَلَيْهِ إِلَّا ثَوْبٌ وَاحِدٌ فَأَمَّا إِذَا سَدَلَ عَلَى الْقَمِيصِ فَلَا بَأْسَ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَكَرِهَ أَبْنُ الْمُبَارَكِ السَّدْلُ فِي الصَّلَاةِ .

বাংলা

৩৭৮। আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযের মধ্যে সাদল করতে (কাপড় ঝুলিয়ে দিতে) নিমেধ করেছেন। এ অনুচ্ছেদে আবু জুহাইফা (রাঃ) হতেও হাদিস বর্ণিত আছে। হাসান। মিশকাত— (৭৬৪), তালীক আলা ইবনু খুজাইমাহ- (৯১৮), সহীহ আবু দাউদ- (৬৫০)।

আবু ঈসা বলেন, আবু হুরায়রার হাদিসটি আমরা আতার সূত্রে মারফু হিসাবে জানতে পারিনি, তবে ইসল ইবনু সুফিয়ানের সূত্রে জেনেছি। নামাযের মধ্যে বন্ধনহীনভাবে কাপড় ঝুলিয়ে দেয়া প্রসঙ্গে বিদ্বানদের মধ্যে মতপার্থক্য রয়েছে। তাদের একদল এটাকে মাকরুহ বলেছেন।

তারা আরো বলেছেন, ইল্লাদীরা এরূপ করে। অপর দল বলেছেন, এক কাপড়ে নামায আদায করলে বন্ধনহীনভাবে কাপড় ঝুলিয়ে দেওয়া মাকরুহ। জামার উপর কাপড়ে সাদল করা হলে কোন আপত্তি নেই। ইমাম আহমাদ এই মত দিয়েছেন। ইবনুল মুবারাক নামাযের মধ্যে সাদল করা মাকরুহ বলেছেন।

English

Abu Hurairah narrated:

"Allah's Messenger (S) prohibited As-Sadl in the Salat."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=39370>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন